৬

৪

দৈনিক সংবাদ

তারিখ 02 OCT 1993
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

## এইচএসসি'র ফলাফল মূল্যায়ন

# 'ভাল' কলেজগুলোর ফলাফল ভাল নয়

।। মনির হোসেন লিটন ।।

সম্প্রতি ঘোষিত ঢাকা বোর্ডের এইচ-এসসি পরীক্ষার ফলাফল মূল্যায়ন করে দেখা গেছে দেশের খ্যাতিমান ও ভাল কলেজগুলোর ফলাফল ভাল নয়। এ সকল কলেজে যে স্তরের মেধার শিক্ষার্থীরা ভর্তি হয়, দেখা গেছে তাদের অনেকেই পূর্ববর্তী স্তরে যে ফলাফল করে এসেছিল তা ধরে রাখতে পারেনি।

ঢাকা বোর্ডের এবারের এইচএসসি পরীক্ষার ফলাফলে ঢাকা মহানগরীর নামী- দামী কলেজগুলোর মধ্যে ভিকারুননেসা নূন কলেজ শীর্ষে রয়েছে। ঢাকা কলেজ, নটরডেম কলেজ, রেসিডেন্সিয়াল কলেজের মতো নামী কলেজগুলোকে টেক্কা দিয়ে দ্বিতীয় স্থানটি দখল করেছে আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ। ভিকারুননেসা নূন কলেজ এবং আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজে প্রথম বিভাগে পাসের হার সবচেয়ে বেশি। এ দু'টি প্রতিষ্ঠানের শতকরা একশ' ভাগ পরীক্ষার্থীই পাস করেছে।

মহানগরীর নামকরা কলেজগুলোতে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তির জন্য ভাল ছাত্রদের মধ্যে তীব্র প্রতিযোগিতা হয়। এসএসসি পরীক্ষায় সাতশ'র কম নম্বর

এইচএসসি ঃ পৃঃ ৬ কঃ ৩

## এইচএসসি ঃ ভাল নয়

( ১ম পৃষ্ঠার পর )

পাওয়া ছাত্রছাত্রীরা এসব কলেজের বিজ্ঞান বিভাগে ভর্তির কথা চিন্তাও করে না। মানবিক ও বানিজ্য বিভাগের ক্ষেত্রেও এসএসসি পরীক্ষায় কমপক্ষে প্রথম বিভাগপ্রাপ্তি হচ্ছে ভর্তি পরীক্ষায় বসার নিম্নতম যোগ্যতা। বিশেষ করে ঢাকা কলেজে ভর্তি হতে পারা ছাত্রদের কাছে সোনার হরিণের নাগাল পাওয়ার সমান। এ কলেজে ভর্তির জন্য এসএসসি পরীক্ষায় চারটি বোর্ড থেকে স্ট্যান্ড করা ছাত্রসহ উচ্চ নম্বর পাওয়া ছাত্ররা ভিড় জমায়। কিন্তু পরবর্তীতে তাদের ফলাফল কেমন হয়?

শিক্ষার পূর্ব পটভূমি বিবেচনা করলে তাদের সবারই অন্তত প্রথম বিভাগে পাস করা উচিত। ফলাফল কিন্তু ভিন্ন কথা বলে। এসব নামকরা কলেজেও দ্বিতীয় বিভাগে পাস করে প্রচুর শিক্ষার্থী, তৃতীয় বিভাগে পাস করা এবং পরীক্ষায় ফেল করা ছাত্রছাত্রীর সংখ্যাও একেবারে ফেলনা নয়।

ঢাকা কলেজ মূলত বিখ্যাত বিজ্ঞান ও মানবিক বিভাগে ভাল ফলাফল করার জন্য। এবছর এ কলেজে বিজ্ঞান বিভাগে অংশ নিয়েছিল ৭শ' ৩৫ জন। এদের মধ্যে ১শ' ১৩ জনই পাস করতে পারেনি। তৃতীয় বিভাগে পাস করেছে ১৩ জন, দ্বিতীয় বিভাগে ৫২ জন এবং বাকি ৫শ' ৫২ জন প্রথম বিভাগে পাস করেছে।

মানবিক বিভাগে এ কলেজ থেকে ৩শ' ৬৫ জন এবারে পরীক্ষায় অংশ নিয়েছিল। এদের সবাই এসএসসি পরীক্ষায় প্রথম বিভাগ পেলেও এইচএসসি পরীক্ষায় শতকরা মাত্র ৫৫ জন প্রথম বিভাগ পেয়েছে। মানবিক বিভাগে এ কলেজ থেকে ২শ' ২ জন প্রথম বিভাগ, ৯৮ জন দ্বিতীয় বিভাগে এবং ১২ জন তৃতীয় বিভাগে পাস করেছে। ফেল করেছে ৫৩ জন।

বাণিজ্য বিভাগে ৩শ' ৩১ জন অংশ নিয়ে এবারের পরীক্ষায় পাস করেছে ৩শ' ৭ জন। এদের মধ্যে প্রথম বিভাগে ১শ' ৫৪, দ্বিতীয় বিভাগে ১শ' ২৯ এবং তৃতীয় বিভাগে পাস করেছে ২৪ জন।

ভিকারুননেসা নূন কলেজে বিজ্ঞান এবং মানবিক বিভাগে পাস করার হার শতকরা একশ' ভাগ। এ কলেজে আগে বাণিজ্য বিভাগ ছিল না। এ বছর প্রথমবারের মত বাণিজ্য বিভাগে ছাত্রী ভর্তি করা হয়েছে।

বিজ্ঞান বিভাগে ভিকারুননেসা নূন কলেজ থেকে পরীক্ষা দিয়েছিল ২শ' ৯০জন। এদের মধ্যে ২শ' ৬৮ জন প্রথম বিভাগে, ১১ জন দ্বিতীয় বিভাগে এবং ১জন তৃতীয় বিভাগে পাস করেছে। মানবিক বিভাগে পরীক্ষা দিয়েছিল ২শ' ৮৯ জন। এদের মধে ২শ' ৬৮ জন প্রথম বিভাগে ও বাকি ২১ জন তৃতীয় বিভাগে পাস করেছে।

বিজ্ঞান এবং মানবিক বিভাগে শতকরা একশ' ভাগ পরীক্ষার্থী পাস করার অপর রেকর্ডটি আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের। বিজ্ঞান বিভাগে এই কলেজ থেকে পরীক্ষায় অংশ নিয়েছিল ১শ' ৩০ জন। এদের মধ্যে ১শ' ১৯ জন প্রথম বিভাগে, ১০ জন দ্বিতীয় বিভাগে এবং ১জন তৃতীয় বিভাগে পাস করেছে। মানবিক বিভাগে পরীক্ষায় বসেছিল ১শ' ৮৫ জন। এদের মধ্যে ১শ' ৬০ জন প্রথম বিভাগে এবং বাকি ২৫ জন দ্বিতীয় বিভাগে পাস করেছে।

হলিক্রস কলেজ থেকে বিজ্ঞান বিভাগে পরীক্ষা দিয়েছিল ১শ' ৯৬ জন। এদের মধ্যে ১শ' ৭১ জন প্রথম বিভাগে, ১৯ জন দ্বিতীয় বিভাগে এবং ৩জন তৃতীয় বিভাগে পাস করেছে। মানবিক বিভাগে পরীক্ষা দিয়েছিল ১শ' ৯১ জন। প্রথম বিভাগে পাস করেছে ১শ' ৬০ জন, দ্বিতীয় বিভাগে ২৭ জন এবং তৃতীয় বিভাগে ২ জন।

রেসিডেন্সিয়াল মডেল কলেজ থেকে বিজ্ঞান বিভাগে পরীক্ষায় অংশ নিয়েছিল ৯৯ জন। প্রথম বিভাগে ৮১ জন ও দ্বিতীয় বিভাগে ১৪ জন পাস করেছে। তৃতীয় বিভাগ কেউ পায়নি। মানবিক বিভাগে মোট ৫১ জন পরীক্ষার্থীর মধ্যে প্রথম বিভাগে ৩৩ জন, দ্বিতীয় বিভাগে ১৫ জন ও তৃতীয় বিভাগে ১জন পাস করেছে।

এসব কলেজের বাইরে ঢাকা কমার্স কলেজ, বদরুননেসা কলেজ ও নটরডেম কলেজ একটি করে বিষয়ে ভাল ফলাফল করেছে। বাণিজ্য বিভাগে ঢাকা কমার্স কলেজ থেকে ২শ' ৪৭ জন পরীক্ষার্থী অংশ নিয়ে ১শ' ৬৯ জন প্রথম বিভাগে পাস করেছে। বাকিদের মধ্যে ৬২ জন দ্বিতীয় এবং ৭ জন তৃতীয় বিভাগে পাস করেছে। নটরডেম কলেজে বিজ্ঞান বিভাগে ৭শ' ৭৫ জন পরীক্ষায় অংশ নিয়ে ৫শ' ৯০ জন প্রথম বিভাগে, ১শ' ৬ জন দ্বিতীয় বিভাগে এবং ২১ জন তৃতীয় বিভাগে পাস করেছে। বদরুননেসা কলেজে বিজ্ঞান বিভাগ থেকে পরীক্ষা দিয়েছিল ৪শ' ৪৪ জন। এদের মধ্যে ৩শ' ৬০ জন প্রথম বিভাগে, ৫৬ জন দ্বিতীয় বিভাগে ও ৮জন তৃতীয় বিভাগে পাস করেছে।

ভাল ছাত্রদের এ ধরনের ফলাফল সম্পর্কে মন্তব্য করতে নিয়ে একজন শিক্ষক দায়ী করেছেন এসএসসি পর্যায়ে পরীক্ষা পদ্ধতি এবং কতিপয় খ্যাতনামা কলেজে শিক্ষার পরিবেশকে। তিনি বলেন, এসএসসিতে যে নৈর্ব্যক্তিক প্রশ্নপত্রের কারণে একজন ছাত্র 'দারুণ' ফলাফল করছে সেই পরীক্ষার্থীই পরবর্তীতে এসে প্রচলিত পদ্ধতিতে খারাপ করছে। বিষয়টি নিয়ে ভাবা প্রয়োজন।